

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

সংস্থাপন শাখা-১

বিজ্ঞপ্তি

২৫ কার্তিক ১৪২৫

নম্বরঃ- ২৫.৩৬.০০০০.২১১.১২.১১৪.১৭- ২৬০৫

তারিখঃ-----

৩০ অক্টোবর ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেলে পদোন্নতি পরীক্ষা ফেব্রুয়ারি, ২০১৯ প্রসংগে।

সূত্রঃ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের বিজ্ঞপ্তি নম্বর-৮০.১১০.০৩৮.০০.০০.০১১.২০১৮-১৯০, তারিখঃ ১০/১০/২০১৮খ্রিঃ।

সম্মানের সাথে উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসে অনুষ্ঠানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন হতে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক বিসিএস(গণপূর্ত) ক্যাডারের কর্মকর্তাগণকে online-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (Hard Copy) মন্ত্রণালয়ের মাধ্যমে সরকারি কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। প্রার্থীগণকে ওয়েব সাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ডাউনলোড করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়ে এবং প্রদত্ত তথ্য ও নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। ওয়েব সাইটে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন Form পূরণ ও online কার্যক্রম আগামী ০৮/১১/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে।

এমতাবস্থায়, সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা, ফেব্রুয়ারি ২০১৯-এ অংশ গ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর লক্ষ্যে উল্লিখিত তারিখের পূর্বেই online-এ আবেদনপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া হলো। পরবর্তীতে তা ম্যানুয়ালি মন্ত্রণালয়ের মাধ্যমে যথাসময়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছানোর কাজে সহযোগিতা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। আবেদন ফরমে অবশ্যেই আবেদনকারী এবং তার উর্দ্ধতন কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে। online-এ দাখিলকৃত আবেদন পত্রের প্রিন্টেড কপি (Hard Copy) দুই ফর্দে আগামী ০৬/১১/২০১৮খ্রিঃ তারিখ অফিস সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

এখানে উল্লেখ্য যে, আবেদনকারী কর্তৃক পূরণকৃত আবেদনপত্রের প্রিন্টেড ১(এক) কপি সরাসরি বাংলাদেশ কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে।

(নন্দিতা রাণী সাহা)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬০৯৯৯

se_est@pwd.gov.bd

সংশ্লিষ্ট সকলকে অবহিত করণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে অনুলিপি প্রেরণ করা হলো।

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)/(স্বাস্থ্য উইং)/(ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর।

০৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।